পদ্মার এপারের বিদ্যুৎ
# ওজোপাডিকো বার্তা
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র
(An Enterprise of Bangladesh Power Development Board)
চতুর্থ বর্ষ | ১০ম সংখ্যা | জানুয়ারী-মার্চ ২০২০

## চেয়ারম্যান, ওজোপাডিকো পরিচালনা পর্ষদ'র খুলনার বিভিন্ন দপ্তর পরিদর্শন



*ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান খুলনা আগমন উপলক্ষ্যে ফুলেল শুভেচ্ছা জানান ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউটের নির্বাহী প্রকৌশলী মোছাঃ শাহীন আক্তার পারভীন।*

গত ২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে খুলনাস্থ ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউটে ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান রহমত উল্লাহ্ মোঃ দস্তগীর এনডিসি ওজোপাডিকো-এ নতুন নিয়োগপ্রাপ্ত

বাকী অংশ ৪র্থ পাতায়

## বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে ওজোপাডিকো'র শ্রদ্ধাঞ্জলি



*ওজোপাডিকো'র কর্মকর্তা-কর্মচারী ও তাদের শিশু সন্তানদের সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কেক কাটছেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন*

বাকী অংশ ৬ পাতায়

# বার্ষিক বনভোজন-২০২০




*র‍্যাফেল ড্র এর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।*

গত ০৬ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে ওজোপাডিকো যশোর সার্কেলের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যশোরে অবস্থিত বিনোদিয়া ফ্যামিলি পার্কে বার্ষিক বনভোজনের আয়োজন করে। উক্ত বনভোজনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। অতিথি হিসাবে আরও উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, অতিরিক্ত দায়িত্বরত নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ আবু হাসান এবং ওজোপাডিকো'র পি এন্ড ডি শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান। বনভোজনের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ওজোপাডিকো যশোর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী শহিদুল আলম। বনভোজনের এক পর্যায়ে অংশগ্রহণকারীদের মধ্যে র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। র‍্যাফেল ড্র এর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।

## মেধাবীমুখ



**খন্দকার হুমায়রা ঐশ্বী** ২০১৯ সালে অনুষ্ঠিত BUET ভর্তি পরীক্ষায় ৫৩তম স্থান অর্জন করেছে। এছাড়াও সে KUET, RUET, ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মেধা তালিকায় স্থান লাভ করে। বর্তমানে BUET এর তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগে ১ম বর্ষ, ১ম সেমিস্টারে অধ্যয়নরত আছে। সে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট, খুলনা -এর নির্বাহী প্রকৌশলী মোছাঃ শাহীন আক্তার পারভীন ও প্রফেসর ড: খন্দকার হামিদুর ইসলাম এর কন্যা। খন্দকার হুমায়রা ঐশী সকলের নিকট দোয়া প্রার্থী।



**মেহরিন তাবাসসুম মালিহা** ২০১৯ সালে অনুষ্ঠিত BUET এর ভর্তি পরীক্ষায় সফলতার সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে BUET এর কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বিভাগে ১ম বর্ষ, ১ম সেমিস্টারে অধ্যয়নরত আছে। সে ওজোপাডিকো'র উপ-মহাব্যবস্থাপক (অর্থ) মোঃ মোখলেছুর রহমান ও তাসমিন আক্তার এর কনিষ্ঠা কন্যা। এর বড়বোন মেহজাবিন তাবাসসুম মোহনা KUET এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যায়নরত। তারা দুজনই সকলের নিকট দোয়া প্রার্থী।



**তাসফিয়া জামান ধরিত্রী** ২০১৯ সালে অনুষ্ঠিত PEC পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে এবং ট্যালেন্টপুলে প্রাথমিক বৃত্তি লাভ করেছে। সে ওজোপাডিকো সদর দপ্তরের পি এন্ড ডি শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান ও মোছাঃ শাহিনা জামান এর কনিষ্ঠা কন্যা। খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী তাসফিয়া জামান ধরিত্রী সকলের নিকট দোয়া প্রার্থী।



**রুফাইদা জাইমা** ২০১৯ সালে অনুষ্ঠিত PSC পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে। সে ওজোপাডিকোর উপ-মহাব্যবস্থাপক (এইচ আর এন্ড এডমিন) মোঃ আলমগীর কবীর ও মালিহা মমতাজ এর কনিষ্ঠা কন্যা। খুলনা সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী রুফাইদা জাইমা সকলের নিকট দোয়া প্রার্থী।

# হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



চিত্রশিল্পীঃ তাসফিয়া জামান ধরিত্রী
পিতাঃ- প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান
মাতাঃ- মোছাঃ শাহিনা জামান

# পশ্চিমাঞ্চলীয় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা আধুনিকায়নে মতবিনিময়

কুষ্টিয়ায় পশ্চিমাঞ্চলীয় বিদ্যুৎ কার্যক্রম সহজীকরণ ও ভোগান্তি লাঘবে আধুনিক সিস্টেম বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা-কর্মাচারীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বুধবার বেলা ১২ টায় পশ্চিমাঞ্চল বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ ওজোপাডিকো, কুষ্টিয়ার নবনির্মিত সভা কক্ষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী আরিফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, নির্বাহী পরিচালক (প্রকৌশল) আবু হাসান, উপ-মহাব্যবস্থাপক মুহাম্মদ আলমগীর কবীর, নির্বাহী প্রকৌশলী রাকিবুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী পরিতোষ সরকার, নির্বাহী প্রকৌশলী কাজী আব্দুল আজিজসহ বিদ্যুৎ বিতরণ বিভাগ, কুষ্টিয়ায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীগণ। ইতিপূর্বে ওজোপাডিকো, কুষ্টিয়া সার্কেল চত্বরে বৃক্ষরোপণ ও নবনির্মিত সভাকক্ষ উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক। এ সময় বিদ্যুৎ বিতরণ ও বিক্রয় কার্যক্রমকে গ্রাহক পর্যায়ে ভোগান্তি মুক্ত ও সহজীকরণে সংশ্লিষ্ট সকলের উপর অর্পিত দায়িত্ব পালনে দৃষ্টিপাত করেন।

# বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ'র বনভোজন

*শেষ পাতার পর*

কার্যক্রম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। বার্ষিক বনভোজন কর্মসূচিতে অংশগ্রহণ করেন ওজোপাডিকোর সকল দপ্তরের স্নাতক প্রকৌশলীসহ সদর দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্যগণ। সকাল থেকে আগত অতিথি বৃন্দ, প্রকৌশলীগণ ও তাদের পরিবারের সদস্যের উপস্থিতি অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তুলে। বিশেষ করে প্রকৌশলী পরিবারের ছোট ছোট সদস্যদের ভুভুজেলার শব্দে অন্যরকম আনন্দ উপভোগ করেন অংশগ্রহণকারীরা। অংশগ্রহণকারী প্রকৌশলী, কর্মকর্তা ও পরিবারের সদস্যগণ বিভিন্ন প্রতিযোগিতায় ও মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন। এরপর সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীসহ প্রকৌশলী পরিবারের সদস্যগণ সংগীত পরিবেশন করেন। পরবর্তীতে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ, ওজোপাডিকো ইউনিটের সভাপতি, প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান এর সভাপতিত্বে সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ রকিব উদ্দিনের সঞ্চালনায় প্রধান অতিথি, প্রকৌশলী কর্মকর্তাদের পরিবারের মধ্যে রাফেল ড্র সহ বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন এবং এরকম পারিবারিক বনভোজন আয়োজনের জন্য বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদকে ধন্যবাদ জানান। একই সাথে নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী প্রকৌশলীদেরকে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ. ও উপ-ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ কামাল উদ্দিন আহমেদসহ ওজোপাডিকো'র প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস) মোস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

# ওজোপাডিকো ও রবি'র

*শেষ পাতার পর*

পারবেন। নিজেদের রবি ক্যাশ ওয়ালেট ব্যবহার করে অথবা কাছাকাছি কোন রবি ক্যাশ রিটেইল পয়েন্টে গিয়ে তাদের বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন গ্রাহকরা।

খুলনার হোটেল ক্যাসেল সালামে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন এর উপস্থিতিতে রবি'র ক্লাস্টার মার্কেটিং ডিরেক্টর মোহাম্মদ হামিদুল হক এবং ওজোপাডিকোর কোম্পানি সচিব আব্দুল মোতালেব নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিটি স্বাক্ষর করেন। এসময় ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, রবির এম'মানির ম্যানেজার মোহাম্মদ রাকিবুল বাশার প্রমুখ উপস্থিত ছিলেন।

# চেয়ারম্যান, ওজোপাডিকো পরিচালনা

প্রথম পাতার পর

প্রকৌশলীদের বুনিয়াদি প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং সেই সাথে নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী প্রকৌশলীদেরকে দেশপ্রেমের বলে বলিয়ান হয়ে সুচারুভাবে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার আহ্বান জানান। এছাড়াও বিভিন্ন প্রশাসনিক মডিউল ট্রেনিং প্রশিক্ষণ প্রোগ্রামে অন্তর্ভূক্ত করার জন্য ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কে দিকনির্দেশনা প্রদান করেন।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন এবং ওজোপাডিকো এর পরিচালনা পর্ষদের পরিচালক ও কুয়েটের অধ্যাপক প্রকৌশলী মুহাঃ রফিকুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ট্রেনিং ইনস্টিটিউটের নির্বাহী প্রকৌশলী মোছাঃ শাহিন আক্তার পারভীন।




*ওজোপাডিকো'র বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার বিভিন্ন বিষয় নিয়ে কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভায় আলোচনা করছেন ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান রহমত উল্লাহ মোঃ দস্তাগীর এনডিসি ।*

অতঃপর চেয়ারম্যান ওজোপাডিকোর বিভিন্ন পদস্থ কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় যোগ দেন। উক্ত মতবিনিময় সভায় তিনি ওজোপাডিকোর কর্মকর্তাদের সাথে রাজস্ব আয় বৃদ্ধি, গ্রাহকসেবা বৃদ্ধিসহ মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন এর উপর আলোকপাত করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ আবু হাসান। উক্ত সভায় সভাপতিত্ব করেন প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস) মোঃ মোস্তাফিজুর রহমান।

সন্ধ্যায় চেয়ারম্যান জেলা প্রশাসকের কার্যালয়ে বিভিন্ন প্রশাসনিক কর্মকর্তা ও ওজোপাডিকোর বিভিন্ন কর্মকর্তাদের সাথে বর্তমান বিদ্যুৎ ব্যবস্থার বিভিন্ন সমস্যা, তার সমাধান ও উন্নয়ন নিয়ে আলোচনা করেন এবং দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

পরদিন (৩ ফেব্রুয়ারি) ওজোপাডিকোর বিভিন্ন কর্মকর্তাকে সাথে নিয়ে চেয়ারম্যান বাংলাদেশ স্মার্ট ইলেকট্রিক্যাল কোম্পানি (BSECO) পরিদর্শন করেন। অতঃপর খালিশপুরে অবস্থিত কেন্দ্রীয় ভান্ডার পরিদর্শন করেন এবং সেখানে থাকা প্রয়োজনীয় ও অপ্রয়োজনীয় সরঞ্জামাদির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দিকনির্দেশনা প্রদান করেন।



*ওজোপাডিকো, কুষ্টিয়া কর্তৃক দুস্থ, অসহায় ও প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র বিতরণ*

গত ১৪/১/২০২০ খ্রিঃ তারিখে ওজোপাডিকো, কুষ্টিয়া কর্তৃক দুস্থ, অসহায় ও প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। দাপ্তরিক কাজের পাশাপাশি সামাজিক ও মানবিক বিষয় বিবেচনায় শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালন ও সংরক্ষণ সার্কেল ওজোপাডিকো এর ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আরিফুর রহমান, বিক্রয় ও বিতরণ বিভাগ ওজোপাডিকো কুষ্টিয়া-২ এর নির্বাহী প্রকৌশলী জাহান-ই-শবনম এবং বিক্রয় ও বিতরণ বিভাগ, ওজোপাডিকো কুষ্টিয়া-১ এর নির্বাহী প্রকৌশলী প্রনব চন্দ্র দেবনাথ সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা - কর্মচারীবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মীবৃন্দ।

# ব্যবস্থাপনা পরিচালকের ঝিনাইদহ-কুষ্টিয়া ও শৈলকুপা দপ্তর পরিদর্শন




*ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন শৈলকুপা বিদ্যুৎ সরবরাহ পরিদর্শনকালীন সময়ে ফুলেল শুভেচ্ছা গ্রহণ করছেন।*

গত ১৫ই মার্চ ২০২০খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ওজোপাডিকোর ঝিনাইদহ, কুষ্টিয়া ও শৈলকুপা দপ্তর পরিদর্শন করেন। প্রথমে কুষ্টিয়া দপ্তর ক্যাম্পাসে মুজিব শতবর্ষ উপলক্ষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী প ও স সার্কেল, কুষ্টিয়া কর্তৃক আয়োজিত শতবৃক্ষ রোপন কর্মসূচি উদ্বোধন করেন। এরপর সার্কেলাধীন দপ্তর প্রধানগণকে নিয়ে সার্কেলের সভা কক্ষে রাজস্বসহ আনুষঙ্গিক আলোচনা করেন। তিনি মুজিববর্ষে গ্রাহক সেবা বৃদ্ধি, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, শতভাগ বিদ্যুতায়ন কাজে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীসহ সকলকে সম্পৃক্ত করার নির্দেশ দেন। একই সাথে বিদ্যুৎ বিভাগ কর্তৃক মুজিব বর্ষকে সেবা বর্ষ ঘোষণায় ওজোপাডিকোর কর্মকর্তা-কর্মচারীকে প্রতিদিন ১ঘন্টা অতিরিক্ত কাজের জন্য পরামর্শ ও নির্দেশনা প্রদান করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত) আরিফুর রহমান সার্কেলের আওতাধীন বিভিন্ন দপ্তরের স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (SIP) এর কর্মকান্ড পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। এরপর ব্যবস্থাপনা পরিচালক শৈলকুপার কবিরপুরে শৈলকূপা বিদ্যুৎ সরবরাহ দপ্তর পরিদর্শন করেন। আবাসিক প্রকৌশলীসহ-দপ্তর এর সকল কর্মকর্তা-কর্মচারী ব্যবস্থাপনা পরিচালক এর প্রথম আগমন হিসেবে স্বাগত জানান। দপ্তরের রাজস্ব আদায়, বাণিজ্যিক পরিচালনাসহ অন্যান্য সূচকে আরও উন্নতির জন্য ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণকে পরামর্শ ও নির্দেশনা প্রদান করেন। এরপর হাবিবপুর ফায়ার ব্রিগেড স্টেশন সংলগ্ন কোম্পানির শৈলকূপা বিদ্যুৎ সরবরাহ এর 2x5 MVA বর্তমান উপকেন্দ্র পরিদর্শন করেন। আবাসিক প্রকৌশলী, শৈলকূপা বিদ্যুৎ সরবরাহ উপকেন্দ্রের নানাবিধ সমস্যা তুলে ধরেন। এরপর ব্যবস্থাপনা পরিচালক ঝিনাইদহ বিবিবি- এর দপ্তর পরিদর্শনসহ রাজস্ব সভা করেন। সভায় নির্বাহী প্রকৌশলী বিবিবি, SPDSP নির্বাহী প্রকৌশলী পরিতোষ কুমার সরকার, এক্সপানশন ও আপগ্রেডেশন প্রকল্পের নির্বাহী প্রকৌশলী, এক্সটেনশন ও অগমেন্টেশন প্রকল্পের নির্বাহী প্রকৌশলীসহ বিভিন্ন দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন প্রকল্পের কাজ, দপ্তরের কাজসমূহ যথাযথভাবে গুণগত মান বজায় রেখে নির্দিষ্ট সময়ের পূর্বেই সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক এর সফর সঙ্গী হিসেবে ওজোপাডিকো সদরদপ্তরের পি এন্ড ডি শাখার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান উপস্থিত ছিলেন।

# যশোর জেলার সেচ কার্যক্রম সংক্রান্ত মতবিনিময় সভা




*যশোর জেলার সেচ কার্যক্রম সংক্রান্ত মত বিনিময় সভায় ওজোপাডিকো'র যশোর সার্কেলের বিভিন্ন পদস্থ কর্মকর্তাদের সাথে মতবিনিময় করছেন বিদ্বাখস মন্ত্রণালয়ের উপসচিব ওজোপাডিকো পরিচালনা পর্ষদ পরিচালক মোহাম্মদ মফিজুর রহমান।*

গত ৭ই মার্চ চাঁচড়া যশোর অবস্থিত ওজোপাডিকোর পরিচালন ও সংরক্ষণ সার্কেল, যশোর এর সভাকক্ষে যশোর জেলার সেচ কার্যক্রম সরেজমিনে মনিটর সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিদ্বাখস মন্ত্রণালয়ের উপসচিব ও ওজোপাডিকো পরিচালনা পর্ষদ পরিচালক মোহাম্মদ মফিজুর রহমান। উক্ত সভায় সভাপতিত্ব করেন ওজোপাডিকোর যশোর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ শহিদুল আলম। সভায় উপস্থিত ছিলেন বিউবো, পবিস কর্মকর্তাবৃন্দ।

## বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে *প্রথম পাতার পর*

গত ১৭ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে বাঙ্গালী জাতির পিতা বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মবার্ষিকী পালন করা হয়। এতে ওজোপাডিকোর পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিনের নেতৃত্বে কোভিড-১৯ এর কারণে সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়ে স্থানীয় বাংলাদেশ বেতারের খুলনা কেন্দ্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। বিকালে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউটে খুলনাস্থ কর্মকর্তা-কর্মচারীগণ ও তাদের পরিবারের শিশু সন্তানদের উপস্থিতিতে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে কেক কাটা, আলোচনা সভা ও আতশবাজি ফোটানোর অনুষ্ঠান সম্পন্ন হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ এবং নির্বাহী পরিচালক (প্রকৌশল) মোঃ আবু হাসান। সভায় সভাপতিত্ব করেন ওজোপাডিকোর উপ-মহাব্যবস্থাপক (এইচ আর এন্ড এডমিন) মোঃ আলমগীর কবীর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী (ইএসসিএন্ডএস) প্রকৌশলী মোঃ মোস্তাফিজুর রহমান, প্রকল্প পরিচালক (এসপিডিএসপি), প্রকল্প পরিচালক (এক্সটেনশন এন্ড আপগ্রেডেশন প্রজেক্ট) ট্রেনিং ইনস্টিটিউট এর নির্বাহী প্রকৌশলী সহ বিভিন্ন দপ্তরে কর্মরত প্রকৌশলীগন। আলোচনা সভায় অংশ নেন বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ ওজোপাডিকো ইউনিটের সভাপতি প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান, সাধারণ সম্পাদক প্রকৌশলী রকিব উদ্দিন প্রমুখ। আলোচনা সভায় প্রধান অতিথি সহ বক্তাগণ বঙ্গবন্ধুর সংগ্রামী রাজনৈতিক জীবন, স্বাধীন বাংলাদেশ গঠনে তার অবদানসহ বিভিন্ন বিষয়ে নানামুখী আলোচনা করেন। বঙ্গবন্ধুর জীবন থেকে শিক্ষা নিয়ে সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুৎ খাতের অবদান এর বিষয়ে ওজোপাডিকোর ভূমিকা নিয়েও বক্তাগণ আলোচনা করেন। বিশেষ করে মুজিব শতবর্ষে সরকারের নির্ধারিত "মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন" কার্যক্রম বাস্তবায়নে নিয়ে আলোচনা হয়। প্রধান অতিথি সকল কর্মকর্তা-কর্মচারীগনকে যার যার জায়গা থেকে দায়িত্ব পালনের মাধ্যমে দেশপ্রেমের শপথে বঙ্গবন্ধু বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদনের আহ্বান জানান। সন্ধ্যায় আতোশবাজি ফোটানো হয়।

# যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত




*শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ওজোপাডিকোর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিনসহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।*

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১শে ফেব্রুয়ারি-২০২০ খ্রিঃ তারিখে নানান আয়োজনে ওজোপাডিকো কর্তৃক দিবসটি যথাযথ মর্যাদায় পালিত হয়। দিবসটি উদযাপন উপলক্ষে খুলনা ওজোপাডিকোর বিক্রয় ও বিতরণ বিভাগ-১, শেখপাড়া এর অফিস চত্বর হতে সকাল ৭:৩০ ঘটিকায় এক বর্ণাঢ্য র‍্যালি যাত্রা শুরু করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনে শহীদ হাদিস পার্ক শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করে। এছাড়াও ওজোপাডিকো উচ্চ বিদ্যালয়ে এক প্রভাতফেরি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীসহ ওজোপাডিকো খুলনার কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। প্রভাত ফেরিতে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ও নির্বাহী পরিচালক (অর্থ) রতন কুমার দেবনাথ, এফসিএমএ এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌশলী মোঃ আবু হাসান। অনুষ্ঠানে প্রধান অতিথি সালাম, রফিক, শফিউর, জব্বারসহ নাম না জানা সকল ভাষা শহীদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের সামনে বাংলা ভাষার মর্যাদার ইতিহাস তুলে ধরাসহ ও নানান দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শহীদদের স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

## মেধাবী মুখ



যারীফা তাবাসসুম যথাক্রমে সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ৫ম শ্রেণিতে এবং জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ হতে ৮ম শ্রেণিতে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে এছাড়াও জাতীয় পর্যায়ে HSBC প্রথম আলো ভাষা প্রতিযোগিতা-২০১৩ তে চ্যাম্পিয়ন অব দি চ্যাম্পিয়ন এবং ২০১৫ সালে একই প্রতিযোগিতায় ১ম রানার আপ হয় তাছাড়া খুলনা জোনে ম্যাথ অলম্পিয়াড প্রতিযোগিতা-২০১৩ ও ২০১৪ সালে 'ক' গ্রুপে চ্যাম্পিয়ান হয়। বর্তমানে সে জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজের একাদশ শ্রেণি হতে দ্বাদশ শ্রেণিতে প্রথম স্থান অর্জন করছে এবং বেস্ট ক্যাডেট নির্বাচিত হয়েছে। সে ওজোপাডিকো'র কোম্পানি সচিব জনাব আব্দুল মোতালেব, এফসিএমএ ও শরমিন আকতার জাহান এর একমাত্র কন্যা। সে সকলের নিকট দোয়া প্রার্থী।

## পৃথিবী



**মোঃ আরিফুর রহমান*

প্রিয় পৃথিবী, তুমি শান্ত হও এখন
হে বিশ্ব, সদয় হও আগের মতন।
এ বিপুলা বিশ্ব, সহনীয় হও তুমি
বাসযোগ্য ভূমিকে কোরোনা মরুভূমি।
করোনা বিদায় দিতে কার্পন্য কোরোনা
শান্তির বিচারে তুমি তোমার তুলনা।
বসবাসযোগ্য হয়ে যাও ভূমন্ডল
নীরবতা থেকে পরিপূর্ণ কোলাহল।

পৃথিবী, তুমি একবার সুযোগ দাও
কপালে সৌভাগ্যের রাজটিকা পড়েনি,
ন্যায়ের পথে পথচলা শেষ হয়নি,
শ্রেষ্ঠত্বের প্রমাণ এখনো যে মেলেনি,
আশা বাকি আছে, স্বপ্ন দেখা বাকি আছে
দুনিয়ার দায় অবশিষ্ট, অবশেষে....

**তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)*
*পরিচালন ও সংরক্ষণ সার্কেল*
*ওজোপাডিকো, কুষ্টিয়া।*

# ওজোপাডিকো ও রবি'র মধ্যে চুক্তি স্বাক্ষর



*ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালকের উপস্থিতিতে হোটেল ক্যাসেল সালামে ওজোপাডিকো ও রবি'র মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।*

গত ৯ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে ওজোপাডিকো এবং মোবাইল অপারেটর সার্ভিস রবি'র মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আওতায় গ্রাহকরা মোবাইল মানি প্ল্যাটফর্ম রবি ক্যাশ ব্যবহার করে তাদের প্রি-পেইড বিদ্যুৎ বিল পরিশোধ করতে *বাকী অংশ ৩য় পাতায়*

# বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ ওজোপাডিকো'র বার্ষিক বনভোজন




*বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ ওজোপাডিকো ইউনিট এর বার্ষিক বনভোজন অনুষ্ঠানে ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন; নির্বাহী পরিচালক (অর্থ) ও খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ.।*

গত ১৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে স্থানীয় প্লাটিনাম জুবিলী জুট মিলস প্রাঙ্গণে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ ওজোপাডিকো ইউনিট-এর বার্ষিক বনভোজন, ক্রীড়া প্রতিযোগিতা,সাংস্কৃতিক অনুষ্ঠান, রাফেল ড্র ও পুরস্কার বিতরণী *বাকী অংশ ৩য় পাতায়*

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-৪১-৮১১৫৭৩, ৮১১৫৭৪, ৮১১৫৭৫, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com, web: www.wzpdcl.org.bd

মুঃ গ্লোরি, খুলনা ০১৭১১ ২৯ ৬৬ ১৯